



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

আমাদের নিয়াত যেন বিশুদ্ধ হয়

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাত্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমাদের নিয়াত যেন সবসময় আল্লাহর (জাঃজাঃ) জন্য পরিচ্ছন্ন এবং খাঁটি হয়। আল্লাহ (জাঃজাঃ) সবকিছুর মালিক এবং অধিকারী। এই বিশুদ্ধ ধর্মকে স্বার্থের জন্য ব্যবহার কোরোনা। যদি স্বার্থের জন্য ধর্মকে ব্যবহার কর তার মানে তোমার ঈমান অনুপস্থিত। এমন একটি চিন্তাও যদি কারও মাথায় আসে যে সে আল্লাহর (জাঃজাঃ) অনুমোদন নয়, মানুষের অনুমোদন চায় এবং ধর্মকে পার্থিব স্বার্থে রূপান্তরিত করে, সেই চিন্তা ওই মানুষের অভ্যন্তরের সর্বনাশ করবে।

সবকিছুই এরকম। আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "সবসময় সত্য বলতে বলতে একজন মানুষ আল্লাহর দৃষ্টিতে সিদ্ধিক বা সত্যবাদীতে পরিণত হয়। আর সবসময় মিথ্যা বলতে বলতে একজন মানুষের নাম মিথ্যাবাদীদের খাতায় লিখিত হয়।" মানুষ যেভাবে শুরু করে তাদের শেষ সেভাবেই হয়। লোকেরা যেভাবে চলতে অভ্যস্ত সেভাবেই চলতে থাকে, পরে আর বদলায় না।

আমাদের তারিকাহ শুধুমাত্র আল্লাহর (জাঃজাঃ) জন্য। আমরা আল্লাহকে (জাঃজাঃ) চাই এবং আমরা কাজ করে যাচ্ছি শুধুমাত্র আল্লাহর (জাঃজাঃ) কাছে পৌঁছানোর জন্য। চল আমরা এই নিয়াতকে নষ্ট না করি। এই নিয়াত যদি আল্লাহর (জাঃজাঃ) জন্য হয় এবং বিশুদ্ধ হয়, আল্লাহ (জাঃজাঃ) তোমাদেরকে ত্যাগ করবেন না। আল্লাহ (জাঃজাঃ) তোমাদেরকে রাস্তার মাঝখানে ছেড়ে যাবেন না এবং তোমাদের প্রতিটি সং উদ্দেশ্য পূর্ণ হবে।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

যদি তা না কর, যদি তোমরা ছল-চাতুরী এবং চালাকির মাধ্যমে উপরে ওঠার চেষ্টা কর তাহলে দুনিয়াতে এবং আখিরাতে অপমানিত হবে। আমাদের সামনে অনেক বড় বড় উদাহরণ আছে, হাজার হাজার। এমন লোকদের উদাহরণ যারা প্রথমে আল্লাহর (জাঃজাঃ) পথ নিয়েছিল কিন্তু পরে তারা সমস্ত শক্তি দিয়ে মুসলিমদের যতটা সম্ভব ক্ষতি করার চেষ্টা করেছে এবং করে যাচ্ছে।

আল্লাহ্ (জাঃজাঃ) আমাদের হিফাযাতে রাখুন। চল আমরা শিক্ষা নিই যেন আমাদের নিয়ত বিশুদ্ধ হয়। তাসাওউফ মানে বিশুদ্ধতা, এর মানে পরিচ্ছন্নতা। আমরা যেন তা ঝাপসা করে না ফেলি, ইনশাআল্লাহ্।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল

১৬ জানুয়ারী ২০১৬ / ৬ রাবিউল আখির ১৪৩৭

আকবাবা দারগাহ, ফজর নামায।